



রাজশাহী বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

সূত্র: ৩০৬/সা.বি.অ/১৩৫ পাট ১৬

তারিখ: ০৯/০৯/২০২৪

ইউনিট A: জরুরী নোটিশ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য A ইউনিট (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর অধীন ফারসি ভাষা ও সাহিত্য, সংস্কৃত এবং উর্দু বিভাগে আনুমানিক ৫০ (পঞ্চাশ)টি আসন খালি আছে। যেসব প্রার্থী MCQ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং বিষয় পছন্দ ফর্ম (Subject Choice Form) পূরণ করেছে এবং যারা ইতোমধ্যে প্রকাশিত মেধা তালিকাগুলোতে মনোনীত হয়নি, কেবলমাত্র তাদের মধ্য থেকে নিম্নবর্ণিত মেধাক্রম পর্যন্ত আগ্রহী প্রার্থীদেরকে A ইউনিটের চীফ কো-অর্ডিনেটরের অফিসে ১১, ১২ ও ১৫ সেপ্টেম্বর, ২০২৪ দুপুর ৩টার মধ্যে নিজে উপস্থিত হয়ে প্রবেশপত্র (Candidate Copy) জমা দেওয়ার জন্য বলা যাচ্ছে। উল্লেখ্য যে, যেসব ভর্তিচ্ছু প্রবেশপত্র জমা দিবে তাদের মধ্য থেকে মেধার ভিত্তিতে আসন পূরণ করা হবে।

ইউনিট	গ্রুপ	মেধাস্থান
A	গ্রুপ-১	৭১৩ থেকে ৮০০ পর্যন্ত
A	গ্রুপ-২	৭৩৬ থেকে ৮২৪ পর্যন্ত
A	গ্রুপ-৩	৭০৬ থেকে ৭৯৪ পর্যন্ত
A	গ্রুপ-৪	৭৪৩ থেকে ৮৩১ পর্যন্ত

আবেদনকারীদের ফলাফল মেধাক্রম অনুযায়ী আগামী ১৬ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে প্রকাশ করা হবে। ঐ তালিকায় নির্বাচিত প্রার্থীদের ১৭ ও ১৮ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে ইউনিট অফিসে হাজির হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

বিঃদ্রঃ ৩০-০৬-২০২৪ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে যারা ইতোমধ্যে ভর্তি তালিকায় মনোনীত হওয়ার জন্য প্রবেশপত্র জমা দিয়েছে তারাও মনোনীত হওয়ার ক্ষেত্রে বিবেচিত হবে।

(প্রফেসর ড. এস এম এক্রাম উল্যাহ)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪

ও

ডীন

সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়